

নয়া দিগন্ত

ঢাকা, মঙ্গলবার ২৮ অগ্রহায়ণ ১৪২৪, ১২ ডিসেম্বর ২০১৭

news@dailyayadiganta.com



ইউনাইটেড ইন্টারন্যাশনাল ভার্সিটিতে ন্যাশনাল রিক্রুটমেন্ট ফেয়ার অনুষ্ঠিত

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ইউআইইউ) এবং প্রথম আলোর অনলাইন জব পোর্টাল চাকরি ডটকমের যৌথ উদ্যোগে দুই দিনব্যাপী ন্যাশনাল রিক্রুটমেন্ট ফেয়ারের উদ্বোধন অনুষ্ঠান গতকাল ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত হয়েছে। ইউআইইউর ভাইস চ্যান্সেলর (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. চৌধুরী মোফিজুর রহমান উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন। বিশেষ অতিথি ছিলেন প্রথম আলো ডিজিটালের চিফ অপারেটিং অফিসার এহতেরাম উদ্দিন। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন প্রথম আলো ডিজিটালের অ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার সিত্ত অ্যাছনি জাকব এবং ইউআইইউ ক্যারিয়ার কাউন্সেলিং সেন্টারের পরিচালক মঞ্জুরুল হক খান। বিজ্ঞপ্তি।